ভোরের কাগজ

52

তারিখ 12 MAY 1998
পৃষ্ঠা 7 কলাম 2

# ৭৫ শতাংশ জনমত সাময়িকভাবে ছাত্ররাজনীতি বন্ধ করার পক্ষে


ফলাফল
চকিত জরিপ ২৩
ভোরের কাগজ

কাগজ প্রতিবেদক : জনমতের ৭৫ দশমিক ৪৯ শতাংশ ছাত্ররাজনীতি সাময়িকভাবে বন্ধ করার পক্ষে রায় দিয়েছেন। অন্যদিকে ১৭ দশমিক ৮৮ শতাংশ এর বিপক্ষে মত রেখেছেন। ৬ দশমিক ৬৩ শতাংশ এ প্রসঙ্গে কোনো মতামতদানে বিরত থেকেছেন।

ভোরের কাগজ-এর পক্ষ থেকে দেশব্যাপী পরিচালিত সর্বশেষ 'চকিত জরিপ' থেকে এই তথ্য বেরিয়ে এসেছে। প্রায় সারাদেশে জরিপে অংশ গ্রহণকারী বিভিন্ন স্তরের মোট ৯ হাজার ২০২ জনের উত্তর থেকে এই অভিমত পাওয়া যায়। জরিপে প্রশ্ন রাখা হয়েছিল — 'ছাত্ররাজনীতি সাময়িকভাবে বন্ধের জন্য রাষ্ট্রপতির আহ্বান এবং এ ব্যাপারে সম্প্রতি সংসদে প্রধানমন্ত্রীর শর্তযুক্ত সম্মতির আলোকে আপনি কি মনে করেন যে অবিলম্বে বিএনপিসহ সব দলকে ছাত্ররাজনীতি সাময়িকভাবে বন্ধের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে সিদ্ধান্ত নিয়ে এগিয়ে যাওয়া দরকার?'

গত বৃহস্পতিবার জরিপের কুপনটি প্রথম ছাপা হয়। পরে শনি, রবি ও সোম — এই ৩ দিন মিলিয়ে মোট ৪ দিন কুপন ছাপা হয়। কুপন প্রকাশের পরপরই সকল মহল থেকে ব্যাপক সাড়া আসতে শুরু করে। ভোরের কাগজ-এর প্রতিনিধিরা স্ব স্ব এলাকায় দ্রুত জরিপ পরিচালনা করতে থাকেন এবং টেলিফোন, ফ্যাক্স ও কুরিয়ারের মাধ্যমে ফলাফল পাঠাতে থাকেন। এ পর্যন্ত পরিচালিত জরিপের মধ্যে এবারই সর্বাধিক মানুষ অংশগ্রহণ করেন। এটি ছিল ভোরের কাগজ পরিচালিত ত্রয়োবিংশ (২৩তম) 'চকিত জরিপ'।

উল্লেখ্য, প্রায় দুবছর আগে '৯৬ সালের অক্টোবর মাসে রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ প্রকাশ্য ভাষণে ছাত্ররাজনীতি সাময়িকভাবে বন্ধ রাখার পরামর্শ দিয়েছিলেন। দেশের বর্তমান পরিস্থিতির আলোকে সম্প্রতি আবারো তিনি বিষয়টি নিয়ে কথা বলেছেন। বিষয়টি জনমনে ব্যাপক আগ্রহ জাগিয়ে তোলে যখন সম্প্রতি জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সব দলের রাজিহওয়া সাপেক্ষে রাষ্ট্রপতির পরামর্শ বাস্তবায়নের পক্ষে বলেন। এই পটভূমিতে জনমতের মূল সুরটি উপলব্ধির জন্য ভোরের কাগজ এই 'চকিত জরিপ'-এর আয়োজন করে।




১। হ্যাঁ ৭৫.৪৯%
২। না ১৭.৮৮%
৩। মন্তব্য নেই ৬.৬৩%

গত '৯৬ সালে এ বিষয়ে আরো একটি 'চকিত জরিপ' ভোরের কাগজ-এর পক্ষ থেকে পরিচালিত হয়েছিল। সে জরিপে জনমতের ৬৫ দশমিক ১১ শতাংশ ছাত্ররাজনীতি সাময়িকভাবে স্থগিতের পক্ষে রায় দিয়েছিলেন। এর বিপক্ষে অবস্থান নিয়েছিলেন ২৪ দশমিক ৯৯ শতাংশ। এবারের জরিপের ফলাফল থেকে দেখা যাচ্ছে, ছাত্ররাজনীতি বন্ধের পক্ষে জনমত আরো বেশি করে ঝুঁকে পড়েছে।

জরিপে শিক্ষক এবং ছাত্রদের ব্যাপক অংশগ্রহণ চোখে পড়ার মতো। দেশের বাইরে সংযুক্ত আরব আমিরাতের শারজা থেকেও ফ্যাক্সযোগে ৫০ জন মতামত পাঠিয়েছেন। জরিপে সক্রিয় ভূমিকা রাখার জন্য ধন্যবাদ জানাতে হয় চট্টগ্রামের 'আড্ডা সাহিত্য পরিষদ', মাগুরার 'অনন্যা থিয়েটার' ও 'নোভা কম্পিউটার' এবং নারায়ণগঞ্জের 'উত্তরা সংসদ'কে।

● এরপর — পৃষ্ঠা ২

**বিস্তারিত ফলাফল**

- জরিপে অংশ নিয়েছেন : ৯.২০২ জন।
- ছাত্ররাজনীতি সাময়িকভাবে বন্ধের পক্ষে মত দিয়েছেন : ৬,৯৪৭ জন (৭৫.৪৯%)।
- বন্ধের বিপক্ষে মত দিয়েছেন : ১,৬৪৫ জন (১৭.৮৮%)
- এ প্রসঙ্গে মন্তব্যদানে বিরত থেকেছেন : ৬১০ জন (৬.৬৩%)